

অতি জরুরি  
ফ্যাক্স মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
হাসপাতাল-১ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

স্মারক নং-স্বাপকম/হাস-১/বন্যা ও দুর্যোগ-০২/২০১২/২০৫

তারিখ: ২৬-০৯-২০১৬খ্রিঃ।


সভার নোটিশ

জাতিসংঘ সাধারণ পরিষদের সিঙ্ক্লান্ট অনুযায়ী আগামী ১৩ অক্টোবর ২০১৬ তারিখে 'আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস' দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের উদ্যোগে উদয়াপন করা হবে। মাননীয় প্রধানমন্ত্রী অনুষ্ঠানটি উদ্বোধনের সদয় সম্মতি দিয়েছেন। উক্ত অনুষ্ঠানে অংশ গ্রহণ ও অন্যান্য করণীয় নির্ধারণের বিষয়ে আগামী ২৯-০৯-২০১৬খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় যুগ্মসচিব (হাসপাতাল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভাপতিত্বে এ মন্ত্রণালয়ের মিনি সভাকক্ষে (ভবন নং-৩, কক্ষ নং-৩৩৮, ৪র্থ তলা) একটি সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে মহড়া অনুষ্ঠানে উপস্থাপনযোগ্য সুনির্দিষ্ট প্রস্তাবসহ যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচি:

- ১। ০১-১০-২০১৬ হতে ১০-১০-২০১৬ খ্রিঃ পর্যন্ত প্রচার প্রচারণামূলক কার্যক্রম;
- ২। ০৯-১০-২০১৬ তারিখে সচিবালয়ে ভূমিকম্প বিষয়ক মহড়া;
- ৩। ১০-১০-২০১৬ তারিখে ওসমানী মিলনায়তনে প্রদর্শণীতে অংশগ্রহণ এবং
- ৪। বিবিধ।

  
(রেহানা ইয়াছমিন)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪৯৬৬৯

বিতরণঃ (জ্যোত্তার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।  
দৃষ্টি আকরণঃ অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
- ২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা। (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
- ৩। যুগ্মসচিব (নির্মাণ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা। (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
- ৫। পরিচালক, আইইডিসিআর, মহাখালী, ঢাকা।
- ৬। পরিচালক, জনস্বাস্থ্য ইনসিটিউট, মহাখালী, ঢাকা।
- ৭। পরিচালক, এনসিডিসি এবং লাইন ডাইরেক্টর, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৮। প্রধান, স্বাস্থ্য শিক্ষাবুরো, মহাখালী, ঢাকা।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থেঃ

- ১। যুগ্মসচিব (নিরাপত্তা-২ অধিশাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (গাড়ীসহ প্রবেশের অনুমতি প্রদানের জন্য অনুরোধ করা হলো)
- ২। সভাকক্ষ সমন্বয়কারী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাঁকে ১৫ জন কর্মকর্তার আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। সিটেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, (তাঁকে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। যুগ্ম সচিব (হাসপাতাল) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।